# Times Today BD

দেওয়ান গিয়াস উদ্দিন | দেশজুড়ে | 14 June, 2025

নোয়াখালীর কোম্পানীগঞ্জের বসুরহাট টু চট্রগ্রাম রুটে অতিরিক্ত বাস ভাড়া নেওয়ার প্রতিবাদ করায় কাউন্টারের লোকজনের বিরুদ্ধে এক যাত্রীকে মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে।

শনিবার (১৪ জুন) বেলা সোয়া ১১টার দিকে উপজেলার বসুরহাট বাজারের নতুন বাসস্ট্যান্ডের বসুরহাট এক্সপ্রেস কাউন্টারে এই ঘটনা ঘটে।

হামলার শিকার যাত্রীর নাম মো.আলাউদ্দিন (৩০)। তিনি পাশ্ববর্তী কবিরহাট উপজেলার নরোত্তমপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের নুরসোনাপুর গ্রামের মাঝি বাড়ির সিরাজ মিয়ার ছেলে এবং নোয়াখালী কোটের একজন শিক্ষানবিশ আইনজীবী।

ভুক্তভোগী আলাউদ্দিন অভিযোগ করে বলেন, বেলা সোয়া ১১টার দিকে তিনি তার বড় ভাই মহিউদ্দিন বাহার (৪৮) ভাবি তমলিমা খাতুন (৩৮) ভাতিজা সাইফুল ইসলাম (২০) ও তাদের দুই শিশু কন্যা নুসরাত (৩) এবং তাজনাহার (৬)সহ চট্রগ্রামে যাওয়ার জন্য টিকেট কাটার উদ্দেশ্যে বসুরহাট একপ্রেস কাউন্টারে যান।বসুরহাট থেকে চট্রগ্রামে নির্ধারিত ভাড়া ২৫০ টাকা।কাউন্টারের লোকজন ঈদুল আযহার বাহানা দিয়ে বসুরহাট এক্সপ্রেস বাসের যাত্রীদের কাছ থেকে ৩০০ টাকা করে নিচ্ছিল।

আলাউদ্দিন অভিযোগ করে আরও বলেন, এ সময় আমি ঈদ শেষ হয়ে গেছে বলে অতিরিক্ত ভাড়ার প্রতিবাদ করি। এ নিয়ে বসুরহাট এক্সপ্রেসের কাউন্টারে থাকা দুইজনের সঙ্গে আমার বাকবিতন্ডা হয়। এরপর তারা গালাগাল ও মারধর করে। একপর্যায়ে তাদের ভাড়াটিয়া সন্ত্রাসীরা এসে আমাকে বেধড়ক পিটিয়ে এলোপাতাড়ি আঘাত করে মাথা ফাটিয়ে দেয়।আমার বড় ভাইয়ের থেকে ৬৩ হাজার টাকা ছিনিয়ে নেয় হামলাকারীরা। আমাদের সাথে থাকা নারী ও শিশুদের হেনেস্থা করে। তাৎক্ষণিক আমরা কোম্পানীগঞ্জ সেনাবহিনীর ক্যাম্পে ও থানায় মৌখিক ভাবে অভিযোগ করি। সেনাবাহিনীর ক্যাম্পে গেলে বসুরহাট এক্সপ্রেসের লোকজন সেখানেও আমাদের ওপর হামলার চেষ্টা চালায়। বিষয়টি সেনাবাহিনীকে জানালে তারা বের হলে সন্ত্রাসীরা দৌড়ে পালিয়ে যায়।

যোগাযোগ করা হলে বসুরহাট এক্সপ্রেস বাসের এমডি মাজহারুল হক তৌহিদ অভিযোগ নাকচ করে দিয়ে বলেন, অতিরিক্ত ভাড়া নিয়ে কোন যাত্রীর ওপর হামলা হয়নি।তবে সামনের সিট নিয়ে দুই পক্ষের মধ্যে মারামারি হয়েছে বলে শুনেছি।এতে কাউন্টারের দুইজন ব্যক্তিও আহত হয়।এখন বসুরহাট থেকে ৩০০টাকা করে নেওয়া হচ্ছে।কারণ চট্রগ্রাম থেকে পুরো বাস খালি আসে।

কোম্পানীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গাজী মুহাম্মদ ফৌজুল আজিম বলেন, ভাড়া নিয়ে কথাকাটাকাটির একপর্যায়ে যাত্রীকে মারধর করার অভিযোগ পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।ভুক্তভোগী যাত্রী  থানায় এসে মৌখিক ভাবে অভিযোগ করেছেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 21:59

URL: https://timestodaybd.com/across-the-country/3400638127